ই-মেইল/বাহক মারফত
নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-৩৩৯

তারিখ: ২৩ আশ্বিন ১৪২৭ / ০৮ অক্টোবর ২০২০

**বিষয়ঃ আইনশৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল গঠন।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আগামী **১০ অক্টোবর ২০২০** তারিখে চাঁদপুর জেলার চাঁদপুর পৌরসভার সাধারণ নির্বাচন, ২টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন, ফরিদপুর জেলার চরভদ্রাসন উপজেলা পরিষদের চেয়ারম্যানের শূন্য পদ, জয়পুরহাট জেলার কালাই পৌরসভা ও সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর পৌরসভার মেয়রের শূন্য পদ, ৫টি পৌরসভার কাউন্সিলরের শূন্য পদে এবং ৮২টি ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে। এছাড়া ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৪৪নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে উপনির্বাচন একই তারিখে অনুষ্ঠিত হবে। উল্লেখিত নির্বাচন উপলক্ষে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং বিভিন্ন আইনশৃঙ্খলা বাহিনীর প্রতিনিধিদের সমন্বয়ে একটি আইনশৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল গঠন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালকের নেতৃত্বে উক্ত সেলে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ অন্তর্ভুক্ত হবেন:

১. জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা;
২. পুলিশ হেডকোয়াটার্সের পুলিশ সুপার/অতিরিক্ত পুলিশ সুপার পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা;
৩. বিজিবি/ র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব)/আনসার ও ভিডিপির উপপরিচালক পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা ; এবং
৪. আর্মড পুলিশ ব্যাটালিয়নের অতিরিক্ত পুলিশ সুপার/সহকারি পুলিশ সুপার পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা

০২। উল্লিখিত সেল-এর কার্যক্রম হবে **১০ অক্টোবর ২০২০** তারিখ রোজ **শনিবার** । সেলের কর্মপরিধি নিম্নরূপ:

(ক) জননিরাপত্তা বিভাগ, স্বারাষ্ট মন্ত্রণালয়, পুলিশ হেডকোয়াটার্স, বিজিবি, র‍্যাব, আনসার ও ভিডিপি, আর্মড পুলিশ ব্যাটালিয়ন কার্যালয় হতে ০১জন করে প্রতিনিধির নাম, পদবী (**মোবাইল, টেলিফোন, ইমেইল, ফ্যাক্স নম্বরসহ**) প্রস্তাব করে নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণ;

(খ) দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধিগণ **উক্ত তারিখে সার্বক্ষণিক শুধুমাত্র নির্বাচনি দায়িত্বের জন্যই নিয়োজিত থাকবেন** এবং টেলিফোন, মোবাইল WhatsApp, Viber প্রয়োজনে Zoom এর মাধ্যমে তথ্যাদি আদান প্রদান করতে হবে। বিশেষ প্রয়োজনে উক্ত কর্মকর্তাকে নির্বাচন কমিশন সচিবালয়েও আসার প্রয়োজন হতে পারে;

(গ) দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধিগণ তাদের স্ব স্ব কার্যালয়ে অবস্থানপূর্বক টেলিফোন, মোবাইল, WhatsApp এ SMS ও ই-মেইলের মাধ্যমে কমিশনের নির্দেশনা তাৎক্ষণিকভাবে অবহিতকরণ;

(ঘ) নির্বাচনের দিন আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে নির্বাচন কমিশনকে অবগতকরণ;

(ঙ) সেলে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধি কর্তৃক নির্বাচন উপলক্ষে মোতায়েনকৃত আইনশৃঙ্খলা সদস্যদের অবস্থান ও সার্বিক অবস্থা সম্পর্কে জ্ঞাতকরণ;

(চ) ভোটকেন্দ্র বা নির্বাচনি এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে বিভিন্ন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মধ্যে সমন্বয় সাধন;

(ছ) ব্যালট পেপারসহ বিভিন্ন নির্বাচনি মালামাল পরিবহণ, বিতরণ এবং ভোটগ্রহণ কাজে নিরাপত্তা বিধানের জন্য মোবাইল ও স্ট্রাইকিং ফোর্স হিসেবে নিয়োজিত আইনশৃঙ্খলা বাহিনীর মধ্যে সমন্বয় করে রিটার্নিং অফিসার ও প্রিজাইডিং অফিসারদের সহায়তা প্রদান।

০৩। উল্লিখিত সেল যেন কার্যকর হয় এবং কমিশনকে যেন সময়ে সময়ে পরিস্থিতি ইলেক্ট্রনিক মাধ্যমে অবহিত রাখা হয় সে দিকে দৃষ্টি রাখার জন্য মাননীয় প্রধান নির্বাচন কমিশনার সদয় নির্দেশনা প্রদান করেছেন।

০৪। বর্ণিতাবস্থায়, স্ব স্ব কার্যালয়ে অবস্থান পূর্বক উল্লিখিত সেলের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনের লক্ষ্যে একজন করে কর্মকর্তার নাম (মোবাইল, টেলিফোন, ইমেইল, ফ্যাক্স নম্বরসহ) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
sasemc1@gmail.com

বিতরণ:
১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৩। মহাপরিচালক, বিজিবি/ র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব)/আনসার ও ভিডিপি/ জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা/ অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা ঢাকা

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-৩৩৯

তারিখ: ২৩ আশ্বিন ১৪২৭ / ০৮ অক্টোবর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব/ সচিব ......................................(সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়
২. বিভাগীয় কমিশনার, ........................................(সংশ্লিষ্ট)
৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৭. জেলা প্রশাসক,........................................(সংশ্লিষ্ট)
৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..........................................(সংশ্লিষ্ট)
৯. পুলিশ সুপার, ..........................................(সংশ্লিষ্ট)
১০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, .................................(সংশ্লিষ্ট)
১২. ............................................................(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
১৩. উপজেলা নির্বাহী অফিসার, ........................................(সংশ্লিষ্ট)
১৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ...........................(সংশ্লিষ্ট)
১৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৭. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮. থানা/উপজেলা নির্বাচন কর্মকর্তা, .................................(সংশ্লিষ্ট)
১৯. ............................................................(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২০. অফিসার ইন চার্জ, ....................................(সংশ্লিষ্ট) থানা

**( মোহাম্মদ মোরশেদ আলম )**
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০